গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ২৬-১০-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শিখা সরকার
অতিরিক্ত সচিব (সিপিপি) ও চীফ ইনোভেশন অফিসার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
তারিখ : ২৬-১০-২০২১ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-১০৪, ভবন নং-৪), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি, চিফ ইনোভেশন অফিসার হিসেবে সকলের সাথে পরিচিত হোন এবং মন্ত্রণালয় কর্তৃক গৃহিত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর যথাযথ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি হতে আগত উপস্থিত প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানান। সভপতি বলেন যে ২০২১-২০২২ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনায় কমপক্ষে ৩টি সেবার মান উন্নয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুসারে একটি উদ্ভাবনী প্রকল্প, একটি সেবা সহজিকরণ এবং একটি সেবা ডিজিটাইজ করার আবশ্যকতা রয়েছে। এ বিষয়ে সভাপতি উপস্থিত সকলের নিকট হতে পৃথক পৃথক আইডিয়া আহবান করেন।

সভাপতির অনুমতিক্রমে উপসচিব আইন ইতিপূর্বে বিভিন্ন শাখা হতে প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়া, সহজিকরণ ও ডিজিটাইজ করণের জন্য প্রস্তাবিত সেবাসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, প্রত্যেকটি কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়সীমা রয়েছে। তাই প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির ২০২১-২০২২ অর্থবছরে গৃহিত কর্মপরিকল্পনার অগ্রগতি আলোচনা করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

১। ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রস্তাবিত প্রকল্প তালিকা ও প্রতিটি প্রকল্পের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারন করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রকল্পের শুরু হতে শেষ পর্যন্ত বাস্তবায়ন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত থেকে বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন এবং সার্বিক সহায়তা প্রদান করে প্রকল্প সমাপ্ত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। প্রস্তাবিত প্রকল্পসমূহ নিম্নরূপ:

ক্রমিক	প্রস্তাবিত প্রকল্পের নাম	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	সহযোগী কর্মকর্তা
১।	মন্ত্রণালয়ের ৩য় তলায় লিফটের বিপরীতে দেয়ালে একটি ডিজিটাল ডিসপ্লে বোর্ড (এলইডি মনিটর) স্থাপন (সেবা ডিজিটাইজেশন)	জনাব মোহাম্মদ ওবায়দুল ইসলাম, উপসচিব (পরিকল্পনা-২)	১। জনাব মো: সেলিম হোসেন, সিনিয়র তথ্য অফিসার ২। জনাব অলিদ বিন আসাদ, সিস্টেম এনালিস্ট ৩। জনাব মোহাম্মদ আব্দুল কাদের, প্রোগ্রামার
২।	অনলাইনে শিডিউল বিক্রয় (সেবা সহজিকরণ) (সম্ভাব্য প্রকল্প এলাকা-মুন্সীগঞ্জ জেলা)	জনাব মো: জহুরুল আলম চৌধুরী উপসচিব (অডিট)	১। জনাব কাজী শফিকুল আলম, উপসচিব (ত্রাণ প্রশাসন-১) ২। ডিপিডি (এসএনএসপি, ব্রিজ কালভার্ট প্রকল্প, এইচবিবিকরণ প্রকল্প)

৩।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক নির্মিত গ্রামীণ রাস্তাসমুহে নম্বর প্রদান। (উদ্ভাবন) (সম্ভাব্য প্রকল্প এলাকা- মেহেরপুর জেলা)	জনাব লুৎফুন নাহার, উপসচিব (ত্রাণ কর্মসূচি-১)	১। জনাব আবু সাইদ মো: কামাল, উপসচিব (ত্রাণ কর্মসূচি-২)
৪।	মন্ত্রণালয়ের সভাকক্ষের ওয়াশরুম রেনোভেশন। (সেবা সহজিকরণ)	জনাব লুৎফুন নাহার, উপসচিব (ত্রাণ কর্মসূচি-১)	১। জনাব শায়লা ইয়াসমিন, উপসচিব (প্রশাসন) ২। জনাব মো: মজিবুর রহমান, উপসচিব (সেবা)

২। ইনোভেশন টিম এর সদস্য যারা বদলী হয়ে অন্যত্র চলে গিয়েছেন তাদের স্থানে নতুন কর্মকর্তা অন্তর্ভুক্ত করে টিম পুনর্গঠন করতে হবে। জনাব মোহাম্মদ ওবায়দুল ইসলাম, উপসচিব (পরিকল্পনা-২) কে টিমে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভায় সুপারিশ করা হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। মন্ত্রণালয় কর্তৃক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় শীর্ষক অবহিতকরণ কর্মশালা আগামী নভেম্বর ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। ইতিমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক আয়োজিত এ সংক্রান্ত সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অধিদপ্তর এর প্রতিনিধিকে সভায় অনুরোধ করা হয়।

৪। মন্ত্রণালয়ের ই-নথিতে নিষ্পত্তির হার বাড়ানোর লক্ষ্যে শাখাসমূহের মাসিক নিষ্পত্তির তথ্য ড্যাশবোর্ড হতে সংগ্রহ করতে হবে। ড্যাশবোর্ড হতে প্রতিবেদন প্রাপ্তি সহজ করতে এটুআই এর সাথে যোগাযোগ করার জন্য সিস্টেম এনালিস্ট কে সভায় অনুরোধ করা হয়। সকল শাখা হতে মাসিক প্রতিবেদন ইনোভেশন শাখায় প্রেরণ করতে হবে।

৫। বিগত অর্থবছরে তৈরিকৃত যে সমস্ত সফট্ওয়্যার এখনো বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল(বিসিসি) এ হোস্টিং করা হয়নি তা অতি দ্রুত বিসিসিতে হোস্টিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। তৈরিকৃত সফট্ওয়্যারগুলো বিসিসি কর্তৃক টেস্টিং করিয়ে নিতে হবে। সফট্ওয়্যারসমূহের সোর্সকোড সংশ্লিষ্ট প্রস্তুতকারী প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে মন্ত্রণালয়ে সংরক্ষণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১০/২০২১

শিখা সরকার
অতিরিক্ত সচিব (সিপিপি)
ও
চীফ ইনোভেশন অফিসার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

নং-৫১.০০.০০০০.২৫০.২৫.০০৬.২১.১৯৬ তারিখ: ৩১/১০/২০২১ খ্রি.

অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
২। অতিরিক্ত সচিব ..... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব .....(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব..... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (কার্যবিবরণীটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)
৮। অতিরিক্ত সচিব (সিপিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩১/১০/২০২১

মুনিরা সুলতানা
উপসচিব (আইন)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(আইন অধিশাখা)

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.modmr.gov.bd

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার হাজিরা:

স্থান: মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-১০৪, ভবন নং-১০৪) **তারিখ: ২৬ অক্টোবর ২০২১**

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
১।			
২।	আবু সালেহ মোঃ মহিউদ্দিন খাঁ	01715001505	[signature]
৩।	লুৎফুন নাহার, DS,	01711-341481	[signature]
৪।	মোঃ নূর ইসলাম খান পরিচালক (অপাঃ), সিপিপি	০১৮১১-৪৫৮৫০৭	[signature] ২৬/১০/২০২১
৫।	শায়লা ইয়াসমিন উপসচিব	01712708555	[signature]
৬।	মোহাম্মদ হারুন অর রশিদ (উপসচিব) উপপরিচালক (পরিকল্পনা), ডিডিএম	০১৭১১২৪০৮৭৯	[signature] ২৬/১০/২০২১
৭।	মো: জহুরুল আলম চৌধুরী উপসচিব	০১৫৫০১৫৫০১৭	[signature] ২৬/১০/২১
৮।	মো: আলিম-বিন-আলম FA	———	[signature] ২৬/১০/২০২১
৯।	মুনিরা সুলতানা উপসচিব	01716-026817	[signature] ২৬/১০/২০২১
১০।			
১১।			